

বিজ্ঞপ্তি

স্মারক নং বাশিএ/রাজ/২০১৭/৭১(৩০০)

তারিখ : ১৪/০২/২০১৭খ্রি.


যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমী রাজশাহী জেলা শাখার আয়োজনে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। অংশ গ্রহণে ইচ্ছুক প্রতিযোগীদের নিম্নলিখিত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলো-

০২। কর্মসূচি সমূহ-

তারিখ ও সময়	বিষয় ও বিভাগ	স্থান
২১/০২/২০১৭ সকাল ৬:৩০মি.	প্রভাতফেরি	শিশু একাডেমী হতে রাজশাহী নিউ গভ: ডিগ্রী কলেজ
সকাল ০৯:০০মি.	চিত্রাংকন (মাধ্যম-রং) প্রতিযোগিতা 'ক' বিভাগ (শিশু শ্রেণি হতে ৩য় শ্রেণি) বিষয় : শহীদ মিনার 'খ' বিভাগ (৪র্থ শ্রেণি হতে ৭ম শ্রেণি) বিষয় : প্রভাতফেরী 'গ' বিভাগ (৮ম শ্রেণি হতে ১০ম শ্রেণি) বিষয় : ভাষা আন্দোলন	
সকাল ১০:০০মি.	বাংলায় সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা 'ক' বিভাগ (শিশু শ্রেণী হতে ৩য় শ্রেণী) বিষয় : স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ 'খ' বিভাগ (৪র্থ শ্রেণি হতে ৭ম শ্রেণি) বিষয় : বিচারক মন্ডলী কর্তৃক নির্ধারিত 'গ' বিভাগ (৮ম শ্রেণি হতে ১০ম শ্রেণি) বিষয় : বিচারক মন্ডলী কর্তৃক নির্ধারিত	
সকাল ১০:০০ মি.	কবিতা আবৃত্তি প্রতিযোগিতা ৬ষ্ঠ শ্রেণি হতে ১০ম শ্রেণি পর্যন্ত বিষয় : ফেব্রুয়ারী--- আল মাহমুদ	
সকাল ১০:৩০মি.	ভাষার গান / দেশাত্মবোধক গান 'ক' বিভাগ (শিশু শ্রেণি হতে ৩য় শ্রেণি) 'খ' বিভাগ (৪র্থ শ্রেণি হতে ৭ম শ্রেণি) 'গ' বিভাগ (৮ম শ্রেণী হতে ১০ম শ্রেণী)	বাংলাদেশ শিশু একাডেমী রাজশাহী
সকাল ০৯:০০মি.	রচনা প্রতিযোগিতা 'ক' বিভাগ (৬ষ্ঠ শ্রেণি হতে ৮ম শ্রেণি) বিষয় : ভাষা আন্দোলনে ভাষা শহীদদের অবদান (অনধিক ২০০ শব্দের মধ্যে) 'খ' বিভাগ (৯ম শ্রেণি হতে ১০ম শ্রেণি) বিষয় : মাতৃভাষার গুরুত্ব ও তাৎপর্য (অনধিক ৩০০ শব্দের মধ্যে) 'গ' বিভাগ (একাদশ শ্রেণি হতে দ্বাদশ শ্রেণি) বিষয় : ভাষা আন্দোলন থেকে স্বাধীনতা (অনধিক ৫০০ শব্দের মধ্যে)	

- ০৩। প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক প্রতিযোগীদের নামের তালিকা আগামী ২০ ফেব্রুয়ারি ২০১৭খ্রি. সোমবার বেলা ৩:০০টার মধ্যে বাংলাদেশ শিশু একাডেমী রাজশাহীতে জমা দিতে হবে এবং প্রতিযোগিতার সময় হাল আমলের বেতন পরিশোধের রশিদ সঙ্গে আনতে হবে। সকল প্রতিযোগীকে প্রতিযোগিতা শুরুর আধা ঘণ্টা পূর্বে বাংলাদেশ শিশু একাডেমী রাজশাহীতে উপস্থিত হতে হবে।
- ০৪। রচনা প্রতিযোগীদের নির্ধারিত শব্দের মধ্যে নিজ হস্তে রচনা লিখে ২০ ফেব্রুয়ারি ২০১৭ সোমবার বেলা ৩:০০টার মধ্যে বাংলাদেশ শিশু একাডেমী, রাজশাহীতে জমা দিতে হবে। উল্লেখ থাকে যে, খাতার উপর প্রতিযোগীর নাম, স্কুলের/প্রতিষ্ঠানের নাম, পিতা ও মাতার নাম, শ্রেণি, বিভাগ ও মোবাইল নম্বর উল্লেখ থাকতে হবে।
- ০৫। চিত্রাংকন ও বাংলায় সুন্দর হাতের লেখা প্রতিযোগিতায় কাগজ বাংলাদেশ শিশু একাডেমী রাজশাহী হতে সরবরাহ করা হবে এবং প্রতিযোগিতা সংক্রান্ত ব্যাপারে বিচারকদের রায়ই চূড়ান্ত বলে গণ্য করা হবে।


প্রতিযোগিতাসহ সমগ্রিক কর্মসূচিতে যাতে অধিক সংখ্যক শিশু অংশ গ্রহণ করতে পারে, এ বিষয়ে আপনার একান্ত সহযোগিতা কামনা করছি


(উমা রানী দাস)
জেলা সংগঠক

বাংলাদেশ শিশু একাডেমী, রাজশাহী

প্রাপক : সানুয়াহ প্রচার ও ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

- ০১। উপ-পরিচালক, গণ যোগাযোগ অধিদপ্তর, রাজশাহী
০২। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, রাজশাহী
০৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/পরিচালক/সম্পাদক



রাজশাহী

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

- ০১। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা
০২। জেলা প্রশাসক, রাজশাহী
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী
০৪। অফিস নথি